বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজ্ঞপ্তি নং:৪৮/২০২৩

তারিখ : ২৮ ভাদ্র, ১৪৩০
১২ সেপ্টেম্বর, ২০২৩

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক' পদে নিয়োগের উদ্দেশ্যে আবেদনকারী প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত প্রবেশপত্র ডাউনলোড করা প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক' পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে গত ৩০/০৫/২০২৩ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ১৮/২০২৩ এর সূত্রে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে (https://erecruitment.bb.org.bd) আপলোড করা হয়েছে।

০২। পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রার্থীদেরকে আগামী ১৩/০৯/২০২৩ তারিখ থেকে ২৪/০৯/২০২৩ তারিখের মধ্যে উল্লিখিত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। যারা উল্লিখিত সময়সীমার মধ্যে প্রবেশপত্র ডাউনলোড করবেন শুধু তারাই নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। নির্ধারিত তারিখের পরে প্রবেশপত্র ডাউনলোডের কোনো সুযোগ থাকবে না।

০৩। পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্র সংক্রান্ত তথ্য পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত উল্লিখিত ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

(মোঃ সিরাজুল ইসলাম)
পরিচালক (এইচআরডি-১)